

প্রেস বিজ্ঞপ্তি  
১৬ সেপ্টেম্বর ২০২৩

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সিরাজগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক অদ্য ১৬ সেপ্টেম্বর ২০২৩ তারিখে সকাল ০৯.৩০ ঘটিকা থেকে সকাল ১২.০০ ঘটিকা পর্যন্ত সিরাজগঞ্জ জেলার সদর উপজেলার বাহিরগোলা বাজার, ছোনগাছা বাজার ও দরগা রোড এলাকায় নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য নিয়ন্ত্রণে ও ভোক্তা অধিকার বিরোধী কার্য প্রতিরোধে অভিযান পরিচালিত হয়েছে। সহকারী পরিচালক জনাব মোঃ হাসান-আল-মারুফ সদর উপজেলার বাহিরগোলা বাজারে শামসুল সবজি ভান্ডারকে আলু, পিয়াজের মূল্য তালিকা প্রদর্শন না করার অপরাধে ১,০০০/- টাকা, শামা সবজি ভান্ডারকে আলু, পিয়াজের মূল্য তালিকা প্রদর্শন না করার অপরাধে ১,০০০/- টাকা, আকতার আলি সবজি ভান্ডারকে আলু, পিয়াজের মূল্য তালিকা প্রদর্শন না করার অপরাধে ১,০০০/- টাকা, ছোনগাছা বাজারের শরিফ ষ্টোরকে প্রতিশ্রুত পণ্য যথাযথভাবে বিক্রয় না করার অপরাধে ৩,০০০/- টাকা জরিমানা করেন। অপরদিকে শহরের দরগা রোডে পাল এন্ড সপ ফার্মেসীকে বেশি মূল্যে (স্যালাইনের এমআরপি ৯১.৭২ টাকা কিন্তু বিক্রয় করছে ২০০/- টাকা) স্যালাইন বিক্রয় করার অপরাধে ৮,০০০/- টাকাসহ সর্বমোট ১৪,০০০/- টাকা জরিমানা করা হয়েছে। এছাড়াও মূল্য তালিকা আছে কিনা, ক্রয়-বিক্রয় ভাউচার সংরক্ষণ করছেন কিনা ইত্যাদি তদারকি করা হয়েছে এবং সরকার নির্ধারিত মূল্যে আলু, পৈয়াজ, ডিম বিক্রয় করার জন্য অনুরোধ করা হয়েছে এবং মাইকিং করে ভোক্তা ও ব্যবসায়ীদের সচেতন করা হয়েছে। উপর্যুক্ত অভিযানে সহায়তা করেছেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত উপপরিচালক (শস্য) জনাব মোঃ মশকর আলী, জেলা মার্কেটিং অফিসার জনাব মোঃ আইয়ুব আলী। পুলিশ লাইন সিরাজগঞ্জ ও সদর থানার সহায়তায় উপর্যুক্ত অভিযান পরিচালিত হয়েছে। জনস্বার্থে এ অভিযান চলমান থাকবে।

১৬.০৯.২০২৩

(মোঃ হাসান-আল-মারুফ)

সহকারী পরিচালক

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর

সিরাজগঞ্জ জেলা কার্যালয়

মোবাইলঃ ০১৩১৮-৩৯৬৯৫৮